আলমডাঙ্গায় বাল্যবিবাহ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে মতবিনিময় সভা অনুষ্টিত

আলমডাঙ্গায় বাল্যবিবাহ, যৌনহয়রানি, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে স্থানীয় প্রতিনিধিদের ভুমিকা শীর্ষক কিশোর কিশোরিদের সাথে মতবিনিময় সভা অনুষ্টিত হয়েছে।

গতকাল দুপুর ২টার দিকে ডাউকি ইউনিয়নের বক্সিপুর মাঝের পাড়ায় এই সভায় সভাপতিত্ব করেন বক্সিপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক মো: আলীহিম।

প্রধান অতিথি ছিলেন সাবেক পৌর মেয়র উপজেলা লোকমোর্চার সভাপতি মুক্তিযোদ্ধা এম সবেদ আলী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রেসক্লাবের সভাপতি লোকমোর্চার সম্পাদক খন্দকার শাহ আলম মন্টু, ডাউকি মহিলা উন্নয়ন সংস্থার সভানেত্রী সাহিদা খাতুন, ওয়েভ ফাউন্ডেশন কমিউনিটি অফিসার নুর মোহাম্মদ, সুপার ভাইজার রাজকুমার দাস।

ওয়েভ ফাউন্ডেশনের প্রোগ্রাম অফিসার ইসরাত জাহানের উপস্থাপনায় বক্তব্য রাখেন বক্সিপুর কিশোর ক্লাবের সভাপতি মারিয়া খাতুন, সম্পাদক রিমা খাতুন, কোষাধ্যক্ষ নুরুন্নাহার খাতুন, সুমানা খাতুন, সান্তনা খাতুন, রিতু খাতুন, প্রিয়া খাতুন, রিক্তি খাতুন, রিয়া খাতুন, সুমাইয়া খাতুন ও সুরাইয়া খাতুন প্রমুখ।

সভার পূর্বে পুষ্টি ক্যাম্প এবং আদর্শ খাবার রান্না প্রদর্শনি করা হয়েছে। শেষে সকলকে পুরস্কৃত করা হয়।

- আলমডাঙ্গা প্রতিনিধি

গাংনীতে ২২ বিঘা জমি দখলের চেষ্টা

মেহেরপুরের গাংনী উপজেলার রামনগর গ্রামের সাত্তারের ছেলে আরিফ হোসেন, আনছার আলীর ছেলে সাজেদুল ইসলাম ও ভোলারদাড় গ্রামের রিয়াজ উদ্দিনের ছেলে কালামের নেতৃত্বে ১৫ থেকে ২০ জন মিলে ২২বিঘা জমির দখলের চেষ্টায় কলাই কেটে নিয়েছে বলে অভিযোগ উঠেছে।

গত বৃহস্পতিবার ভোরে সাজেদুল ও কালামের নেতৃত্বে ক্ষেতের কলাই কেটে নিয়ে গেছে বলে জানান ভুক্তোভোগি গাংনীর মৃত ইয়াকুব মোল্লার ছেলে জাকির হোসেন ও গাড়াডোব হঠাৎপাড়ার মৃত পাঞ্জাব আলি বিশ্বাসের ছেলে আবেদুল হক। আনুমানিক আড়াই লাখ টাকার ফসল কর্তন করে প্রতিপক্ষরা নিয়ে যায় বলে তারা অভিযোগ করেন।

উপজেলার বালিয়াঘাট, ব্রজপুর গ্রামের জনৈক মৃত রজব আলী, রহমান বিশ্বাস, হারেজ বিশ্বাসের নামে রামনগর মৌজায় তাদের নামীয় আর এস খতিয়ান ১৭২, ১২৮৩, ১৭৩ ও ৩৫২, আর এস দাগ নং ২৯৫৬, ৩২৭১, ২৯৫৮, ৩১৫৮ এই দাগে ৯ একর ১৪ শতক জমি হারেজ আলীর ওয়ারিশ ইনতাদুল হকের নামে প্রচলিত আছে বলে জানান ভুক্তোভোগিরা ।

ভুক্তোভোগি জাকির হোসেন জানান, দীর্ঘদিন যাবৎ আমাদের রেকর্ডীয় সম্পত্তিতে ফসল চাষ করলে উপজেলার রামনগর গ্রামের সাজেদুল ইসলাম ও কালামের নেতৃত্বে মোবারক মন্ডলের ছেলে আবুল কাশেম, আজিজুল ইসলামের ছেলে আমজাদ হোসেন, হামিদুল ইসলাম, আব্দুল সাত্তারের ছেলে আরিফ হোসেন, আফসার আলীর ছেলে নাজিমুদ্দিন চৌকিদার, মল্লিক মিয়ার ছেলে আফফান আলী, মনজেত কামারের ছেলে আব্দুল মান্নান, সমের আলীর ছেলে সমসের আলী, চাঁদ চৌকিদারের ছেলে আব্দুল বারী, ইয়াছিন আলীর ছেলে কামাল হোসেন, নিয়াত আলির ছেলে আব্দুল ছাত্তার ও তার ছেলে আশরাফুল ও আবদুল, কলিমদ্দিনের ছেলে আলমগীর, আবুল কাশেমের ছেলে রবকুল, আনছারের ছেলে সাজেদুল, মোফাজ্জেল মিয়ার ছেলে লাভলু, আফ্ফানের ছেলে কুদরত, শরিফুল ও ইনতাজ, খইমদ্দিনের ছেলে মন্টু, হাশেম আলির ছেলে লালন, আমজাদের ছেলে মামুর এবং শমসেরের ছেলে রুবেল প্রতিদিন রাতে ফসল তসরুপাত ও ফসল চুরি করে কেটে নিয়ে যায়। এর প্রতিবাদ করলে তারা হত্যার হুমকি দিয়ে আসছে।

ভুক্তোভোগিরা আরও বলেন, আমাদের জমি সাজেদুল ও কালাম গংদের

বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

- গাংনী প্রতিনিধি

আমতৈল মানিকদিয়া গ্রামের আহত আরফান বাকশক্তি ও দৃষ্টি শক্তিও হারাতে বসেছে

মেহেরপুরের গাংনী উপজেলার আমতৈল মানিকদিয়া গ্রামে আহত আরফান বাকশক্তি হারিয়ে ফেলেছে বলে জানিয়েছে কুষ্টিয়া সরকারি মেডিকেল কলেজের চিকিৎসক।

তিনি রোগীর স্বজন উজ্জলকে আরও জানিয়েছেন তার ঘাড়ে ও গোপনাঙ্গের শীরাতে মারাত্মক আঘাত হওয়ার কারণে শুধু বাকশক্তিই নয় ধীরে ধীরে তার দৃষ্টি শক্তিও হারাতে পারে।
এর আগে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আহত আরফানের অবস্থার উন্নতি না হলে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়। সেখানে একদিন রাখার পর চিকিৎসক আরফানের অবস্থার কোন ভাল খবর দিতে পারেনি।

গতকাল রবিবার কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালের চিকিৎসক আরফানের উন্নত চিকিৎসার জন্য রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন বলে জানান আরফানের স্বজনরা।

গত শনিবার দু’পরিবারের শিশুদের ভুত ভুত খেলা নিয়ে বাকবিতর্কতা শুরু হলে এক পর্যায়ে সংঘর্ষে রুপ নেয়। এতে ঐ গ্রামের সাইফুন মাঠ পাড়ার আবুল কালামের ছেলে আরফানকে আদম ও তার স্ত্রী কল্পনা এবং আদমের ছোটভাই কদম সহ পরিবারের আরও অনেকে বাঁশ রড ইট দিয়ে আঘাত করে মারাত্মক ভাবে জখম করে।

এ দিকে আরফানের স্বজন উজ্জল সাংবাদিকদের মোবাইল ফোনে বলেন আরফানকে আহত করার পর তার স্ত্রী বেলি খাতুনকেও মেরে ফেলার জন্য খুজতে থাকে। যার ফলে বেলি খাতুন ঘটনার দিন গা ঢাকা দিয়ে রবিবার

ভোরে তার স্বামীর কাছে চলে যায়।

- গাংনী প্রতিনিধি

মেহেরপুর জেলা যুবলীগের বিশেষ বর্ধিত সভা অনুষ্ঠিত

বাংলাদেশ আওয়ামী যুবলীগের সম্মেলন উপলক্ষে মেহেরপুর জেলা যুবলীগের বিশেষ বর্ধিত সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার বিকালে মেহেরপুর পৌরসভার কালাচাঁদ মেমোরিয়াল হলে এ বর্ধিত সভা অনুষ্ঠিত হয়। বিশেষ বর্ধিত সভায় সভাপতিত্ব করেন মেহেরপুর পৌর মেয়র ও জেলা যুবলীগের আহŸ◌ায়ক মাহফুজুর রহমান রিটন।

জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশানের সঞ্চালনায় বর্ধিত সভায় বক্তব্য দেন, গাংনী উপজেলা যুবলীগের আহবায়ক ও পৌর মেয়র আশরাফুল ইসলাম, পৌর কাউন্সিলর আল মামুন, সদর উপজেলা আহবায়ক মিজানুজ্জামান অপু, যুবলীগ নেতা হাসানুজ্জামান হিলন, ইয়ানুস আলী, আবু শাকিল আঙ্গুর, খোকন, লাল্টু, পিরোজপুর ইউনিয়ন যুবলীগের সভাপতি ইসকেন্দার মাহমুদ বিপ্লব, সাধারণ সম্পাদক ওয়াসিম আলী স্বপন, বারাদি ইউনিয়ন যুবলীগের সভাপতি রিংকু মাহমুদ, সাধারণ সম্পাদক আলহামদু, আমঝুপি ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক তারিকুল ইসলাম তারিক, বাগোয়ান ইউনিয়ন যুবলীগের সভাপতি আজিজুর রহমান মংলা, সাধারণ সম্পাদক বাবুল মল্লিক, মোনাখালি ইউনিয়ন যুবলীগের সভাপতি খালেক, সাধারণ সম্পাদক শান্তি রাজ প্রমূখ। এসময় জেলা যুবলীগের ইউনিট প্রধানরা উপস্থিত ছিলেন।

আগামী ২৩শে নভেম্বর বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় সম্মেলন ও ১৯ শে নভেম্বর আনন্দ র্যালি উপলক্ষে জেলা যুবলীগের জরুরি বর্ধিত সভা অনুষ্ঠিত হয়।

- নিজেস্ব প্রতিনিধি

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

-[redacted]

[redacted]

[redacted]

গতকাল রবিবার সকালে পুলিশ লাইন মাঠে জেলা পুলিশের মাসিক মাস্টার প্যারেড অনুষ্ঠিত হয়। পুলিশ সুপার এসএম মুরাদ আলি প্যারেড পরিদর্শন ও সালাম গ্রহণ করেন। পরে পুলিশ লাইন সভা কক্ষে মাসিক কল্যান সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন পুলিশ সুপার এসএম মুরাদ আলি। এ সময় অতিরিক্ত পুলিশ সুপার শেখ জাহিদুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার হেডকোয়ার্টার হাসিবুল আলম, সদর থানার ওসি শাহ দারা খান, গাংনী ওসি ওবাইদুর রহমান সহ জেলা সকল পুলিশ সদস্যরা উপস্থিত ছিলেন।

- নিজেস্ব প্রতিনিধি

গাংনীর পল্লীতে তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে একজনকে পিটিয়ে জখম

মেহেরপুরের গাংনী উপজেলার আমতৈল গ্রামে তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে এক যুবককে পিটিয়ে মারাত্মক জখম করেছে বলে জানা গেছে।

শনিবার সন্ধ্যা রাতে ঐ গ্রামের সাইফুন মাঠ পাড়ায় এ ঘটনা ঘটে। আহত যুবক ঐ গ্রামের আবুল কালামের ছেলে আরফান (৩২)।

আহতের পরিবার সুত্রে জানা যায়, ঘটনার দিন সন্ধ্যার সময় আহত আরফানের জমজ দুই মেয়ে প্রতিবেশি আদম এর বাড়ির উপর দিয়ে নিজেদের বাড়ি ফিরছিল।

এমন সময় আদমের ১০ বছর বয়সি এক মেয়ে জমজ দুই বোনকে ভুতের ভয় দেখালে তারা আতংকিত হয়ে তারা তার মাকে জানালে তাদের মা ঐ মেয়েকে বারণ করে।

এতে করে ঐ মেয়ের মা আদমের স্ত্রী কল্পনা খারাপ ভাষায় কথা বললে আহত আরফানের স্ত্রীর সাথে বাকবিতন্ডা শুরু হয়। তাদের বাকবিতন্ডার কথা শুনে উত্তেজিত হয়ে আদম ছুটে এসে আরফানের স্ত্রীকে মারধর শুরু

করে।

এ সময় আরফান প্রতিবাদ করতে গেলে আদম সহ তার ছোটভাই কদম আদমের স্ত্রী কদম বাঁশ, লাঠি ও ইট দিয়ে আরফানকে আঘাত করে। এতে আরফানের গোপনাঙ্গে মারাত্মক ভাবে আঘাত পায়।

পরে আরফানের পরিবার তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসে। কর্তব্যরত চিকিৎসক চিকিৎসা দিলেও তার অবস্থার উন্নতি না হওয়ায় কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন।

আহতর পরিবারের লোকজন গাংনী থানায় অভিযোগ করবেন বলে সাংবাদিকদের জানান।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান এ বিষয়ে এখনও কেউ অভিযোগ করেনি তবে অভিযোগ পেলে ব্যবস্থা নেওয়া হবে।

- গাংনী প্রতিনিধি

মেহেরপুরে অসামাজিক কার্যকলাপের দায়ে দুই নারী আটক

মেহেরপুরে অসামাজিক কার্যকলাপের দায়ে মহুয়া আক্তার কেয়া ও সুবর্না আক্তার নামের দুই নারীকে আটক করেছে ডিবি পুলিশ। গত শুক্রবার দিবাগত রাতে মেহেরপুর শহরের মল্লিক পাড়ায় বাবু দোকানদারের বাড়িতে অভিযান চালিয়ে তাদের আটক করা হয়।

অভিযান চলাকালে পুলিশের উপস্থিতি টের পেয়ে অজ্ঞাত এক যুব পালিয়ে যায় বলে জানান ডিবি পুলিশ।
আটক মহুয়া শহরের মল্লিকপাড়ায় বাবুর বাড়ির ভাড়াটিয়া সজলের স্ত্রী ও সুবর্না গাংনী বামুন্দির লাল্টু মিয়ার মেয়ে।

স্থানীয় সুত্রে জানা যায় বাবুর বাড়ি ভাড়া নিয়ে এরা দির্ঘদিন ধরে অসামাজিক কার্যকলাপ করে আসছে।

আটক দুজনকে শনিবার কোর্টে চালান করা হয়েছে বলে জানান ডিবি ওসি রবিউল ইসলাম।

- নিজস্ব প্রতিনিধি

গাংনীতে সড়ক দূর্ঘটনায় সাংবাদিক আহত

মেহেরপুরের গাংনী-কুষ্টিয়া সড়কের চোখতোলা নামক স্থানে সড়ক দূর্ঘটনায় দৈনিক সময়ের কাগজ ও চ্যানেল ফোর টিভির মেহেরপুর জেলা প্রতিনিধি সাংবাদিক এম এ লিংকন ও তার সহকারি এম এন পাভেল মারাত্মক আহত হয়েছে।

শনিবার বেলা সাড়ে তিনটার দিকে পেশাগত কাজ শেষে বামন্দী থেকে গাংনী ফেরার পথে চোখতোলা নামক স্থানে দূর্ঘটনার কবলে পড়ে।

আহত সাংবাদিক এম এ লিংকন জানান, বামন্দী থেকে স্বাভাবিক গতিতে মটরসাইকেল যোগে পেশাগত কাজ শেষ করে গাংনীর দিকে ফিরছিলাম এমন সময় চোখতোলা নামক স্থানে একটি ছাগল মটরসাইকেল এর সামনে এসে পড়লে নিয়ন্ত্রণ হারিয়ে পড়ে যায়।

এতে তাদের শরীরের বিভিন্ন স্থানে আঘাত প্রাপ্ত হয়।
পরে প্রত্যক্ষদর্শীদের সহায়তায় গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসে। বর্তমানে তারা সেখানে ভর্তি রয়েছে।

- গাংনী প্রতিনিধি

সমীর দে সভাপতি, মহমুদুল হাসান চঞ্চল সম্পাদক নির্বাচিত

আলমডাঙ্গা বেলগাছি ইউনিয়ন আওয়ামীলীগের ত্রী-বার্ষিক সম্মেলন অনুষ্টিত হয়েছে। সমীর কুমার দে সভাপতি,মাহমুদুল হাসান চঞ্চল সাধারন সম্পাদক নির্বাচিত হয়েছে। ব্যাপক উৎসাহ উদ্দিপনার মধ্য দিয়ে বেলগাছি ইউনিয়ন চত্তরে গত ১৬ নভেম্বর শনিবার সকাল ১০ টার দিকে ত্রী- বার্ষিক সম্মেলনে সভাপতিত্ব করেন বেলগাছি ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি সমীর কুমার দে।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামীলীগের সভাপতি চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য সোলায়মান হক জোয়ার্দার ছেলুন। ত্রি-বার্ষিক সম্মেলন এর শুভ উদ্বোধন করেন আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সভাপতি পৌর মেয়র হাজী হাসান কাদির গণু।

প্রধান অতিথি হিসেবে গুরুত্বপূর্ণ ও দিক নির্দেশনামূলক বক্তব্য রাখনে চুয়াডাঙ্গা জেলা আওয়ামীলীগ এর সভাপতি চুয়াডাঙ্গা ১ আসনের মাননীয় সংসদ সদস্য সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন। তিনি বলেন বাংলাদেশ আওয়ামীলীগ একটি বড় দল,এই দলে নেতা বেশি,তাই পদ পদবি নিয়ে প্রতিযোগীতা থাকবে, কিন্তু নিজ দলের মধ্যে বিভেদ সৃষ্টি করা যাবে না।

আজ আমি বহুক্ষন ধরে আপনাদের বক্তব্য শুনছিলাম,কেউ বলছেন সে নাকি এই সংগঠন নিজ হাতে গড়েছেন,কেউ বলছেন,আমি ছাড়া এই ইউনিয়নে কোন আওয়ামীলীগ ছিল না,আপনাদের মনে রাখা দরকার দল কখনও একা একা করা যায় না,সকলের সম্মিলিত প্রচেষ্টা না থাকলে আজ সম্মেলনে এত লোক কোথা থেকে আসল,আপনারা কাদা ছোড়া ছুড়ি বন্দ করে সকলে মিলে সংগঠনের কাজ করেন। মনে রাখবেন বিরোধীদলকে ছোট ভেবে ঘরে বসে থাকলে একদিন আপনারা হারিয়ে যাবেন।

তাই আসেন সকল ভেদাভেদ ভুলে সংগঠনকে শক্তিশালি করেগড়ে তুলি।আওয়ামীলীগ একটি বড় দল,এই দলে প্রতিযোগীতা থাকবে,এতে হতাস হবার কিছু নেই। যারা আজকে সংগঠনের দায়িত্ব পাবেন তারা দলকে সুসংগঠিত করতে সকলকে নিয়ে কাজ করবেন।

যারা পদ পাবেন না,তাদেরও বলি আপারা কাজ করে যান,আপনার কাজের মুল্যায়নে আপনাকে উপজেলা,জেলা কমিটিতে পদে বসাবে। শেখ হাসিনার